

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩০৭

৫/ মসজিদ ও সালাতের স্থান (كتاب المساجد ومواقع الصلاة)

পরিচ্ছেদঃ ৩৭. ফজর ও আসরের সালাতের ফয়লত ও এ দু' সালাতের প্রতি যত্নবান হওয়া

بَابُ فَضْلِ صَلَاتِ الصُّبُحِ وَالْعَصْرِ وَالْمُحَافَظَةِ عَلَيْهِمَا

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ أَبِي الزِّنَادِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "يَتَعَاقَبُونَ فِيْكُمْ مَلَائِكَةٌ بِاللَّيْلِ وَمَلَائِكَةٌ بِالنَّهَارِ وَيَجْتَمِعُونَ فِي صَلَاتِ الْفَجْرِ وَصَلَاتِ الْعَصْرِ ثُمَّ يَعْرُجُ الَّذِينَ بَاتُوا فِيْكُمْ فِيْسَالَهُمْ رَبِّهِمْ وَهُوَ أَعْلَمُ بِهِمْ كَيْفَ تَرَكْتُمْ عِبَادِي فَيَقُولُونَ تَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلِّونَ وَأَتَيْنَاهُمْ وَهُمْ يُصَلِّونَ".

বাংলা

১৩০৭। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম বলেছেন, তোমাদের কাছে পালাক্রমে এক দল ফেরেশতা রাতে এবং এক দল ফেরেশতা দিনে আসতে থাকেন এবং তারা- উভয় দল ফজর ও আসরের সালাতে একত্র হন। এরপর যারা তোমাদের মাঝে রাত্রি যাপন করেছিলে তাঁরা উর্ধ্বর্লোকে চলে যান। এরপর তাঁদের প্রতিপালক তাদেরকে প্রশ্ন করেন, অথচ তিনি তাঁদের চেয়ে অধিক জ্ঞাত- তোমরা আমার বান্দাদের কি অবস্থায় রেখে এলে? তখন তাঁরা বলেন আমরা যখন তাদেরকে রেখে আসি তখনও তারা সালাত আদায় করছিলেন আর যখন তাদের কাছে গিয়েছিম তখনও তারা আদায় করছিলেন।

## English

Abu Huraira reported:

The Messenger of Allah (ﷺ) said: Angels take turns among you by night and by day, and they all assemble at the dawn and afternoon prayers. Those (of the angels) who spend the night among you, then, ascend, and their Lord asks them, though He is the best informed about them: How did you leave My servants? -they say: We left them while they were praying and we came to them while they were praying.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=10239>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন